# সমাজকর্ম দ্বিতীয় পত্র

## একাদশ-দ্বাদশ শ্রেণি


### সমাজকর্ম দ্বিতীয় পত্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায়

(স্টার [ * ] চিহ্ন দ্বারা গুরুত্বের পরিমাণ বুঝানো হয়েছে।)

| স্টার মার্ক | অধ্যায় |
|---|---|
| ***** | দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম ও অষ্টম |
| *** | প্রথম, তৃতীয়, ষষ্ঠ ও সপ্তম |
| * | নবম |

# প্রথম অধ্যায়: বাংলাদেশে মৌলিক মানবিক চাহিদা

মানুষের জীবনধারণ এবং সামাজিক মর্যাদা রক্ষার জন্য অত্যাবশ্যক জৈবিক ও সামাজিক চাহিদার সম্বলিত রূপ হলো মৌলিক মানবিক চাহিদা। সামাজিক দৃষ্টিকোণ হতে সমাজ বিজ্ঞানীরা মৌলিক মানবিক চাহিদাগুলোকে **ছয়ভাগে** ভাগ করেছেন। সেগুলো হলো-




বাংলাদেশের সংবিধানে খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, স্বাস্থ্য ও চিত্তবিনোদন এই ছয়টি এবং সামাজিক নিরাপত্তাসহ মোট সাতটি চাহিদাকে 'মৌলিক মানবিক চাহিদা' হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে।

## সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি

- খাদ্য সাহায্য কর্মসূচি
- অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি
- আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ কার্যক্রম
- বেকার যুবকদের জন্য কর্মসংস্থান ব্যাংক
- গৃহায়ন তহবিল।
- বয়স্ক ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা, কাজের বিনিময়ে নগদ অর্থ ইত্যাদি।

## আরো জানতে হবে

- মৌলিক মানবিক চাহিদাগুলোর লক্ষ্যণীয় বৈশিষ্ট্য হলো মানুষের অস্তিত্ব ও সামাজিকতা রক্ষায় অপরিহার্য- মৌলিক মানবিক চাহিদা পূরণ।
- শিক্ষা হলো- মানবসম্পদ উন্নয়নের সর্বোত্তম খাত।
- মানুষ স্বাভাবিক উপায়ে মৌলিক মানবিক চাহিদা পূরণে ব্যর্থ হলে পূরণের ব্যবস্থা করে- অস্বাভাবিক উপায়ে।
- মৌলিক মানবিক চাহিদাগুলো-পরস্পর নির্ভরশীল।
- মানুষকে অন্যান্য প্রাণী হতে শ্রেষ্ঠত্বের মর্যাদা দান করেছে- বস্ত্রের ব্যবহার।
- বাংলাদেশে মৌলিক চাহিদা পূরণের অন্যতম প্রধান প্রতিবন্ধক হলো- জনসংখ্যা বৃদ্ধি।
- সামাজিক নীতি হলো- মৌল মানবিক চাহিদা পূরণের গুরুত্বপূর্ণ নির্দেশনা।
- মানুষের সহজাত গুণাবলি বিকাশের অপরিহার্য শর্ত হলো- স্বাধীনতা এবং নিরাপত্তা।
- মানুষের অস্তিত্ব ও সামাজিকতা রক্ষায় অপরিহার্য হলো- মৌল চাহিদা পূরণ করা।

## অনুশীলনী

**01. মৌলিক মানবিক চাহিদা মূলত কত ধরনের?**
A. ২ B. ৪
C. ৫ D. ৬

**02. শিশুর মানসিক বিকাশের জন্য সবচেয়ে বেশি দরকার?**
A. বস্ত্র B. বাসস্থান
C. শিক্ষা D. চিত্তবিনোদন

**03. খাদ্যের অপূরণজনিত প্রধান সমস্যা কোনটি?**
A. পুষ্টিহীনতা B. বস্তি সমস্যা
C. অপরাধ প্রবণতা D. নিরক্ষরতা

**04. কোনটি মানুষের কর্মস্পৃহা পুনরুজ্জীবিত করে?**
A. চিত্তবিনোদন B. শিক্ষা
C. বস্ত্র D. খাদ্য

**05. 'Basic Human needs' গ্রন্থটি কার লেখা?**
A. টোলে B. মিনাগহাম
C. ম্যাকাইভার
D. ডেভিড জেরি এবং জুলিয়া জেরি

**06. মানুষের সর্বজনীন ও চিরন্তন মৌল চাহিদা কোনটি?**
A. শিক্ষা B. খাদ্য
C. বস্ত্র D. বাসস্থান

**07. মানুষের আদি এবং অকৃত্রিম মৌল মানবিক চাহিদা কোনটি?**
A. বস্ত্র B. বাসস্থান C. শিক্ষা D. স্বাস্থ্য

| উত্তরমালা | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | D | 02 | C | 03 | A | 04 | A | 05 | A |
| 06 | B | 07 | A | | | | | | |



CamScanner

08. মানব সভ্যতার ধারক ও বাহক কোন মৌল মানবিক চাহিদাটি?
A. শিক্ষা B. স্বাস্থ্য
C. বস্ত্র D. বাসস্থান

09. যা ছাড়া মানুষ সমাজে এক মুহূর্ত বসবাস করতে পারে না?
A. শিক্ষা B. স্বাস্থ্য
C. বাসস্থান D. বস্ত্র

10. সমাজ ও সভ্যতাকে স্থায়ী করার জন্য যার গুরুত্ব অপরিসীম?
A. স্বাস্থ্য B. শিক্ষা
C. চিত্তবিনোদন D. বাসস্থান

11. যে মৌল মানবিক চাহিদাটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত?
A. বাসস্থান B. স্বাস্থ্য
C. শিক্ষা D. বস্ত্র

12. যে চাহিদাটি মানুষকে জগতের মধ্যে শ্রেষ্ঠত্বের মর্যাদা দিয়েছে?
A. শিক্ষা B. বস্ত্র
C. বাসস্থান D. খাদ্য

13. যে চাহিদা মানুষকে পরিপূর্ণ হিসেবে গড়ে তুলেছে?
A. খাদ্য B. শিক্ষা
C. বস্ত্র D. স্বাস্থ্য

14. ব্যক্তিগত ও জাতীয় সম্পদ মৌল মানবিক চাহিদাটি-
A. বাসস্থান B. স্বাস্থ্য
C. খাদ্য D. বস্ত্র

15. যে চাহিদার নিশ্চয়তা ছাড়া আর্থিক বিপর্যয় কাটিয়ে ওঠা সম্ভব না?
A. শিক্ষা B. বস্ত্র
C. সামাজিক নিরাপত্তা D. চিত্তবিনোদন

16. খাবারের কয়টি উপাদান?
A. ৬টি B. ৫টি
C. ৮টি D. ৪টি

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 08 | C | 09 | D | 10 | D | 11 | C | 12 | A |
| 13 | B | 14 | B | 15 | C | 16 | A | | |

## দ্বিতীয় অধ্যায়: সমাজকর্মের শাখা

সমাজকর্ম একটি বহুমুখী পেশা। ১৯৬০ সালের সমাজকর্মে অনুশীলন ক্ষেত্র প্রসারের পরিপ্রেক্ষিতে সমাজকর্মীদের ভূমিকা চিহ্নিত করার জন্য নতুন পেশাগত প্রত্যয় ও পেশাগত পরিভাষা ব্যবহার বৃদ্ধি পায়। অনুশীলন ক্ষেত্রের পরিপ্রেক্ষিতে সমাজকর্মের কতগুলো বিশেষায়িত শাখার বিকাশ ঘটেছে। সমাজকর্মের শাখাগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো-

### সমাজকর্মের উল্লেখযোগ্য শাখা

- চিকিৎসা সমাজকর্ম
- শিল্প সমাজকর্ম
- ক্লিনিক্যাল সমাজকর্ম
- সাইকিয়াট্রিক সমাজকর্ম
- বিদ্যালয় সমাজকর্ম
- প্রবীণকল্যাণ সমাজকর্ম
- গ্রামীণ সমাজকর্ম
- পুলিশ সমাজকর্ম

### সমাজকর্মের পাঁচটি গুরুত্বপূর্ণ শাখা

| | |
|---|---|
| চিকিৎসা সমাজকর্ম | ◆ যুক্তরাষ্ট্রে ১৯০৫ সালে বোস্টনের ম্যাসাচুসেটস জেনারেল হসপিটালে ডা. রিচার্ড ক্যাবোট এর উদ্যোগে চিকিৎসা সমাজকর্মের যৌথ প্রয়োগ শুরু হয়।<br>◆ চিকিৎসা সমাজকর্ম ধারণার বিকাশ এবং উন্নয়নের পেছনে চারটি বিশেষ উৎস সক্রিয় ভূমিকা পালন করে। |
| সাইকিয়াট্রিক সমাজকর্ম | ◆ মানসিক স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে সমাজকর্ম অনুশীলনের বিশেষ পদ্ধতি হলো সাইক্রিয়াটিক্র বা মনোঃচিকিৎসা সমাজকর্ম।<br>◆ ১৯০৭ সালে প্রথম সাইকিয়াট্রিক সমাজকর্মী হিসেবে নিয়োগ পান এলিজাবেথ হর্টন। |
| ক্লিনিক্যাল সমাজকর্ম | ◆ অনেক পেশাদার সমাজকর্মী ক্লিনিক্যাল সমাজকর্ম পরিভাষাটি ব্যক্তি সমাজকর্ম অথবা সাইক্রিয়াট্রিক সোশ্যাল ওয়ার্ক অর্থে ব্যবহার করে থাকেন।<br>◆ ব্যক্তি এবং তার অবস্থার প্রেক্ষিত হলো ক্লিনিক্যাল সমাজকর্ম অনুশীলনের মূল কেন্দ্রবিন্দু।<br>◆ ক্লিনিক্যাল সমাজকর্ম আন্তঃব্যক্তিক মিথস্ক্রিয়া, আন্তঃমানসিক গতিশীলতা, জীবনমুখী সমর্থন ও ব্যবস্থাপনা বিষয়াদি পরিচালনার মাধ্যমে সমস্যা সমাধানে হস্তক্ষেপের প্রচেষ্টা চালায়। |
| বিদ্যালয় সমাজকর্ম | ◆ বাংলাদেশে বিদ্যালয় সমাজকর্ম প্রবর্তন করা হয় ১৯৬৬ সালে। |
| প্রবীণকল্যাণ সমাজকর্ম | ◆ প্রবীণ সমস্যা স্বাভাবিক, সর্বজনীন এবং বিশ্বব্যাপী।<br>◆ বাংলাদেশ জাতীয় প্রবীণ নীতিতে ৬০ বছর বয়সের ঊর্ধ্বের জনসংখ্যাকে প্রবীণ জনসংখ্যার অন্তর্ভুক্ত বলে ধরা হয়েছে।<br>◆ জাতিসংঘের বিশ্লেষণ অনুযায়ী স্বল্পোন্নত দেশে ৬০ বছর বয়স হলে তাকে প্রবীণ ধরা যায়। |

## অনুশীলনী

**01. সমাজকর্মের বিশেষায়িত শাখা নয় কোনটি?**
A. সাইকিয়াট্রিক সমাজকর্ম B. বিদ্যালয় সমাজকর্ম
C. মিলিটারী সমাজকর্ম D. রোগীকল্যাণ সমাজকর্ম

**02. সমাজকর্মের শাখাকে কয়টি দিকে ভাগ করা হয়?**
A. এক B. দুই C. তিন D. চার

**03. চিকিৎসা সমাজকর্মের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয় কবে?**
A. ১৯০৪ B. ১৯০৫ C. ১৯০৬ D. ১৯০৭

**04. চিকিৎসা সমাজকর্মীর সর্বপ্রথম পেশাগত সংগঠন কোথায় প্রতিষ্ঠিত হয়?**
A. ইংল্যান্ড B. আমেরিকা C. অস্ট্রেলিয়া D. বাংলাদেশ

**05. নিচের কোনটি চিকিৎসা সমাজকর্মের আওতাভুক্ত?**
A. রোগীর প্যাথলজিক্যাল পরীক্ষা নিরীক্ষা করা
B. রোগীকে ঔষধ নির্দেশ করা
C. রোগীকে হাসাপাতাল পরিবেশে সামঞ্জস্যবিধানে সক্ষম করা
D. রোগীর মনোচিকিৎসা করা

**06. Clinical ক্লিনিক্যাল শব্দটি কোন শব্দ থেকে উৎপত্তি হয়েছে?**
A. Kline B. Cline C. Klinic D. Clinic

**07. Kline শব্দটি কোন ধরনের শব্দ?**
A. গ্রীক B. ল্যাটিন C. স্প্যানিশ D. জার্মানি

**08. কোনটি সমাজকর্মের প্রত্যক্ষ ও সরাসরি হস্তক্ষেপের বিশেষ কৌশল?**
A. ক্লিনিক্যাল সমাজকর্ম B. চিকিৎসা সমাজকর্ম
C. সাইকিয়াট্রিক সমাজকর্ম D. স্কুল সমাজকর্ম

**09. কত সালে সর্বপ্রথম সাইকিয়াট্রিক সমাজকর্মের পেশাগত যাত্রা শুরু হয়?**
A. ১৯০৬ সালে B. ১৯০৭ সালে
C. ১৯০৮ সালে D. ১৯০৯ সালে

**10. সাইকিয়াট্রিক সমাজকর্মে মানসিক রোগীকে কিভাবে বিবেচনা করা হয়?**
A. এককভাবে B. সামগ্রিকভাবে
C. দলীয়ভাবে D. পারিবারিকভাবে

**11. বিদ্যালয় সমাজকর্ম সর্বপ্রথম কোন দেশে চালু হয়েছিল?**
A. আমেরিকায় B. ইংল্যান্ডে
C. কানাডায় D. বাংলাদেশে

**12. বিদ্যালয় সমাজকর্ম বিকাশে কার অবদান গ্রহণযোগ্য?**
A. ম্যারী রিচমন্ড B. এম.জি থ্যাকারী
C. উইলিয়াম বিভারিজ D. জেইন অ্যাডামস

**13. বিদ্যালয় সমাজকর্মের মূল দর্শন কোনটি**
A. শিক্ষার্থীদের সামগ্রিক উন্নয়ন
B. পিতা-মাতার দৃষ্টিভঙ্গির পরিবর্তন
C. শিক্ষক ও অভিভাবকদের কল্যাণ ও উন্নয়ন
D. সমাজের সকল শ্রেণির কল্যাণ ও উন্নয়ন

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | D | 02 | B | 03 | B | 04 | B | 05 | C |
| 06 | A | 07 | A | 08 | A | 09 | B | 10 | A |
| 11 | B | 12 | B | 13 | A | | | | |

**14. শিল্প সমাজকর্মের সাথে কোন ধারণার সম্পর্ক রয়েছে?**
A. Welfare economic B. Welfare capitalism
C. Capitalism D. Socialism

**15. শিল্প সমাজকর্মকে কী নামে অভিহিত করা হয়?**
A. Work related social work
B. Job sector social work
C. Occupational social work
D. Professional social work

**16. শিল্প সমাজকর্মীর ভূমিকা কোনটি?**
A. শ্রমিক নিয়োগ দেয়া
B. শ্রমিকদের বেতন-ভাতাদি প্রদান করা
C. মালিকের স্বার্থ সংরক্ষণ করা
D. শ্রমিক-মালিক স্বার্থ সংরক্ষণ করা

**17. GSWI এর পূর্ণরূপ কী?**
A. Gerontology Social Work Institution
B. Geriatric Social Work Initiative
C. Gerontology Social Welfare Institution
D. Geriatric Social Welfare Institution

**18. বাংলাদেশে প্রবীণকল্যাণে বিদ্যমান প্রাতিষ্ঠানিক আবাসিক সেবা কর্মসূচির নাম কী?**
A. বৃদ্ধাশ্রম B. প্রবীণকেন্দ্র C. শান্তি নিবাস D. বৃদ্ধনিবাস

**19. জেরনটোলজিক্যাল সমাজকর্মীরা প্রবীণদের কোন ধরনের ভূমিকা পালনে সক্ষম করে তোলেন?**
A. মানসিক B. সামাজিক C. শারীরিক D. অর্থনৈতিক

**20. চিকিৎসা সমাজকর্মের অপর নাম কী?**
A. হাসপাতাল সমাজসেবা B. মেডিক্যাল সমাজসেবা
C. হাসপাতাল সমাজকর্ম D. ক্লিনিক্যাল সমাজকর্ম

**21. বাংলাদেশে সর্বপ্রথম চিকিৎসা সমাজকর্ম চালুর ক্ষেত্রে কোন সংস্থার অবদান ছিল?**
A. ইউনেস্কো B. ইউনিসেফ
C. আন্তর্জাতিক রেডক্রস D. সমাজসেবা অধিদপ্তর

**22. শিক্ষাপ্রতিষ্ঠানের পরিবেশের সাথে খাপ খাওয়াতে সমাজকর্মের কোন শাখা কাজ করে?**
A. চিকিৎসা সমাজকর্ম B. বিদ্যালয় সমাজকর্ম
C. শিল্প সমাজকর্ম D. ক্লিনিক্যাল সমাজকর্ম

**23. সাইকিয়াট্রিক সমাজকর্মের মূল লক্ষ্য কী?**
A. মানসিক ভাবে সমস্যাগ্রস্তদের সেবা প্রদান
B. অস্ত্র পাচারের পূর্বে মানসিক সান্ত্বনা প্রদান
C. শিক্ষা প্রতিষ্ঠানে সামঞ্জস্য বিধানে সহায়তা করা
D. মহামারীতে ক্ষতিগ্রস্তদের সহায়তা প্রদান করা

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 14 | B | 15 | C | 16 | D | 17 | B | 18 | C |
| 19 | B | 20 | C | 21 | C | 22 | B | 23 | A |



CamScanner

# তৃতীয় অধ্যায়: সামাজিক সমস্যা সমাধানে সমাজকর্মের অনুশীলন

সমস্যা সমাধানের প্রচেষ্টাই সামাজিক পরিবর্তনের মূল নিয়ামক। সমস্যার গতি প্রকৃতিই সমস্যা পরিমাপের বা সমাধানের নির্দেশনা দান করে। পরিমাপযোগ্য বলেই সামাজিক সমস্যা সমাধানযোগ্য। ক্রমাগত প্রতিক্রিয়া ও পারস্পরিক নির্ভরশীলতা সামাজিক সমস্যার অন্যতম প্রধান বৈশিষ্ট্য।

## জনসংখ্যা সমস্যা

১৯৭৭ সালে বিশ্বব্যাংকের সাবেক প্রেসিডেন্ট রবার্ট ম্যাকনামারা বলেছিলেন, পারমাণবিক যুদ্ধ ছাড়া বিশ্ববাসীর সম্মুখে অন্যতম যে গুরুতর সমস্যা, তা হচ্ছে জনসংখ্যাস্ফীতি। অন্য দৃষ্টিকোণ থেকে বিচার করলে এটি পারমাণবিক যুদ্ধের চেয়েও ভয়াবহ।

### সামাজিক সমস্যার কারণ

- অতিরিক্ত জনসংখ্যা
- অপরিকল্পিত সামাজিক পরিবর্তন
- জলবায়ু পরিবর্তন এবং প্রাকৃতিক দুর্যোগ
- অসম সাংস্কৃতিক পরিবর্তন
- রাজনৈতিক অস্থিরতা
- সম্পদ ও সুযোগ সুবিধার অসম বণ্টন
- মূল্যবোধের দ্বন্দ্ব
- শিল্পায়ন ও নগরায়নের প্রভাব
- বর্ণবৈষম্য এবং সাম্প্রদায়িকতার
- প্রাকৃতিক সম্পদের স্বল্পতা

## জনসংখ্যা সমস্যার ধারণা

প্রখ্যাত অর্থনীতিবিদ ম্যালথাস বলেছেন, "কোনো দেশের জনসংখ্যা সে দেশের মোট খাদ্য উৎপাদনের চেয়ে বেশি হলে যে অবস্থার সৃষ্টি হয়, তাকে জনসংখ্যা সমস্যা বলা হয়। জনসংখ্যা সমস্যার দু'টি দিক রয়েছে। যেমন-

| | |
|---|---|
| প্রথমত | দেশের প্রাপ্ত সম্পদের তুলনায় জনসংখ্যা কম হলে সম্পদের সর্বোত্তম ব্যবহারের অভাবে অর্থনৈতিক উন্নয়ন ব্যাহত হয়ে জনগণের জীবন মান হ্রাস পায়; জনসংখ্যার এরূপ অবস্থাকে স্বল্প জনসংখ্যা সমস্যার অন্তর্ভুক্ত করা হয়। |
| দ্বিতীয়ত | দেশের প্রাপ্ত সম্পদের তুলনায় জনসংখ্যা অধিক হলে জাতীয় উন্নয়ন ব্যাহত হয়; জনসংখ্যার এরূপ অস্বাভাবিক আধিক্যকেও জনসংখ্যা সমস্যা বলা হয়। |

*নোট: যখন দেশের জনসংখ্যা ও সম্পদ সামাঞ্জস্যপূর্ণ হয় এবং মাথাপিছু আয় সর্বোচ্চ পর্যায়ে এসে দাঁড়ায়, তখন জনসংখ্যাকে কাম্য জনসংখ্যা বলা হয়।*

## আরো জানতে হবে

- ম্যালথাসের মতে, প্রতি ২৫ বছর পর পর জনসংখ্যা হয়- দ্বিগুণ।
- অপুষ্টিজনিত সমস্যা বিশ্বের অনুন্নত ও উন্নয়নশীল দেশের- অন্যতম মানবিক সমস্যা।
- যে জৈবিক প্রক্রিয়ায় খাদ্যগ্রহণ, পরিপাক, পাচিত খাদ্যবস্তু শোষণ এবং অপাচ্য বস্তু দেহ থেকে নির্গত হয়, সে জৈবিক প্রক্রিয়াকে বলা হয়- পুষ্টি।
- যে কোন দেশ ও জাতির উন্নয়নের প্রধান উপাদান হলো- মানব সম্পদ।
- প্রোটিনের অভাবজনিত অপুষ্টির প্রভাবে সৃষ্ট অন্যতম রোগ হলো- কোয়ারশিয়রকর বা গা ফোলা।
- রাতকানা রোগের প্রধান কারণ- 'এ' ভিটামিনের অভাব।
- ভিটামিন 'ডি' এর অভাবে শিশুদের মধ্যে দেখা যায়- রিকেট।
- ভিটামিন সি প্রতিরোধ করে- স্কার্ভি রোগ।
- আয়োডিনের অভাবে সৃষ্ট দৈহিক সমস্যাগুলো- গলগন্ড এবং বামনত্ব।
- বাংলাদেশে যৌতুক বিরোধী আইন প্রণয়ন করা হয়েছে- ১৯৮০ সালে।
- আধুনিক মানব সভ্যতা যে দু'টি সর্বজনীন সমস্যার সম্মুখীন- বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং অপরটি মাদকাসক্তর ক্রমবিস্তার।
- অটিজম হলো- একটি জীবনব্যাপী স্থায়ী অদৃশ্য প্রতিবন্ধীকতা এবং মানসিক প্রতিবন্ধীতার বিশেষ ধরন।
- অটিজমকে বিশেষজ্ঞদের পরিভাষায় বলা হয়- অটিজম স্পেকট্রাম-ডিজঅর্ডার।



CamScanner

## অনুশীলনী

**01. জ্যামিতিক হার বলতে কি বোঝায়?**
A. ১,২,৩,৪ প্রভৃতিকে B. ১,২,৪,৬,৮ প্রভৃতিকে
C. ১,২,৩,৬,৯ প্রভৃতিকে D. ১,২,৪,৮,১৬ প্রভৃতিকে

**02. বেকারত্ব বলতে বোঝায়?**
A. কর্ম না থাকা B. ভালো চাকুরি না পাওয়া
C. কাজের ইচ্ছা না থাকা
D. ইচ্ছা থাকা সত্ত্বেও কাজ না পাওয়া

**03. 'Problem' শব্দটি উৎপত্তি হয়েছে গ্রিক শব্দ-**
A. Problema B. Problemia
C. Probleme D. Problemeia

**04. নিচের কোনটি সামাজিক অনাচারের উদাহরণ?**
A. নিরক্ষরতা B. দরিদ্রতা
C. পুষ্টিহীনতা D. যৌতুক প্রবণতা

**05. কোনটি সামাজিক সমস্যা?**
A. দারিদ্র্য B. খরা
C. বন্যা D. নদীভাঙন

**06. আন্তর্জাতিক মাদক প্রতিরোধ দিবস কোনটি?**
A. ১৩ জুন B. ১৪ জুন
C. ১৫ জুন D. ২৬ জুন

**07. PRSP-এর পূর্ণরূপ কী?**
A. Poverty Reduction Strategy Paper
B. Poor Reduction Strategy Paper
C. Proverty Reduction Strategy People
D. কোনোটিই নয়

**08. বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের প্রধান প্রতিবন্ধকতা কি?**
A. জনসংখ্যা বৃদ্ধি B. প্রাকৃতিক দুর্যোগ
C. নিরক্ষরতা D. দারিদ্র্য

**09. নিচের কোনটি মস্তিষ্কের বিকাশগত সমস্যা?**
A. অটিজম B. মাদকাসক্ত
C. দরিদ্রতা D. বেকারত্ব

**10. প্রতিটি সমস্যার মৌলিক কতটি কারণ থাকে?**
A. ৪টি B. ২টি
C. ৬টি D. ৩টি

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | D | 02 | D | 03 | A | 04 | D | 05 | A |
| 06 | D | 07 | A | 08 | D | 09 | A | 10 | B |

**11. সামাজিক সমস্যার মূল উৎস কি?**
A. রাষ্ট্র B. পরিবার
C. সমাজ D. জনসংখ্যা বৃদ্ধি

**12. যেকোনো দেশের আর্থসামাজিক উন্নয়ন ও সামাজিক শৃঙ্খলা বজায় রাখার অপরিহার্য শর্ত কি?**
A. জনসংখ্যা বৃদ্ধি B. দারিদ্র্য
C. নিরক্ষরতা D. রাজনৈতিক স্থিতিশীলতা

**13. যেকোনো দেশের আর্থসামাজিক উন্নয়নের মূল নিয়ামক শক্তি কি?**
A. প্রাকৃতিক সম্পদ B. অর্থনৈতিক সম্পদ
C. সংস্কৃতিক সম্পদ D. কৃষিজ সম্পদ

**14. বাংলাদেশের প্রতিটি পঞ্চবার্ষিকী পরিকল্পনার মূল উদ্দেশ্য কি থাকে?**
A. দারিদ্র্য বিমোচন B. মাদকাশক্তি নিরাময়
C. জনসংখ্যা বৃদ্ধিরোধ D. শিক্ষার প্রসার

**15. অপরাধীর চরিত্র সংশোধনের আধুনিক পদ্ধতি কি?**
A. প্যারোল B. প্রবেশন
C. বিশেষ আদালত D. A ও B উভয়ই

**16. কিশোর অপরাধে বয়সসীমা কত?**
A. ৬-১২ বছর B. ৭-১৪ বছর
C. ৭-১৬ বছর D. ৭-১৮ বছর

**17. আন্তর্জাতিক মাদকাশক্তি বিরোধী দিবস কত তারিখে?**
A. ১৬ এপ্রিল B. ১৬ মে
C. ১৬ মার্চ D. ২৬ জুন

**18. নারী নির্যাতন আইন কত সালে হয়?**
A. ১৯৮৫ B. ১৯৯৩
C. ১৯৮৩ D. ১৯৯৫

**19. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর গঠন করা হয় কত সালে?**
A. ১৯৮৯ B. ১৯৯০
C. ১৯৯৫ D. ১৯৯৮

**20. কিশোর অপরাধের বিচার করা হয় কোন জায়গায়?**
A. প্রবেশনে B. প্যারোলে
C. কিশোর আদালত D. বিশেষ আদালত

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 11 | C | 12 | D | 13 | A | 14 | A | 15 | D |
| 16 | C | 17 | D | 18 | C | 19 | B | 20 | C |



CamScanner

# চতুর্থ অধ্যায়: সামাজিক সমস্যা প্রতিরোধ এবং সামাজিক প্রতিষ্ঠান ও সংস্থা

সাধারণ অর্থে প্রতিষ্ঠান বলতে সামাজিক সংগঠনকে বুঝানো হয়। কিন্তু সমাজবিজ্ঞানে প্রতিষ্ঠান বলতে একটি কর্মপদ্ধতিকে বুঝানো হয়। সামাজিক প্রতিষ্ঠান হলো সমাজ অনুমোদিত কর্মপদ্ধতি, যার মাধ্যমে মানুষ তাদের বহুমুখী মানবিক প্রয়োজন পূরণের জন্য নানাবিধ কার্যক্রম সংগঠিত, পরিচালিত এবং সম্পাদন করে।

## সামাজিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য

- প্রকৃতিগতভাবে সামাজিক
- সর্বজনীন ও সর্বব্যাপী
- সমাজের নিয়ন্ত্রণমূলক হাতিয়ার
- মৌলিক মানবিক চাহিদা পূরণের মাধ্যম
- প্রকৃতিগতভাবে বিমূর্ত।
- প্রতিষ্ঠান হলো কার্যপ্রণালী।
- প্রতিষ্ঠানের কোনো সদস্য নেই।
- সামাজিক প্রতিষ্ঠানগুলো পরস্পর নির্ভরশীল।

### আরো জানতে হবে

- সমাজের মৌলিক প্রতিষ্ঠান পরিবার গঠনের মূলভিত্তি হলো- বিবাহ।
- পরিবার হলো- সমাজের ক্ষুদ্রতম মৌলিক সংগঠন।
- যাকে কেন্দ্র করে বৃহত্তর মানব সমাজ গড়ে উঠেছে- পরিবার।
- গণমাধ্যম বলতে বোঝায়- গণযোগাযোগের উপায়কে।

## অনুশীলনী

**01. পরিবার গঠনের মূলভিত্তি কী?**
A. স্বামী-স্ত্রীর সম্পর্ক　B. বিবাহ
C. সামাজিক প্রতিষ্ঠান　D. সামাজিক এজেন্সী

**02. নিচের কোনটি প্রতিষ্ঠানের উদাহরণ?**
A. সর্বজনীনতা　B. পরিচালনা বোর্ড
C. আনুষ্ঠানিক সংগঠন　D. মানবিক সেবা প্রদান

**03. নিচের কোনটি প্রতিষ্ঠানের উদাহরণ?**
A. বিশ্ববিদ্যালয়　B. ব্যাংক　C. বিবাহ　D. পরিবার

**04. সামাজিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য কোনটি?**
A. দ্রুত পরিবর্তন হয় না　B. সর্বজনীন ও সর্বব্যাপী
C. মৌলিক মানবিক চাহিদা পূরণের মাধ্যম
D. উপরের সবগুলো

**05. সমাজবিজ্ঞানের ভাষায় বিবাহ কী?**
A. প্রতিষ্ঠান　B. সংগঠন　C. সমাজ　D. পরিবার

| উত্তরমালা | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | B | 02 | A | 03 | C | 04 | B | 05 | A |

# পঞ্চম অধ্যায়: সামাজিক আইন ও সমাজকর্ম


জন অস্টিন

Law এবং Legislation এর মধ্যে পার্থক্য রয়েছে। রাজনৈতিক কর্তৃপক্ষ প্রণীত সামাজিক বিধি-বিধান হলো Law। অন্যদিকে, যখন আইন প্রণেতা কর্তৃপক্ষ দ্বারা আইন প্রণয়ন ও কার্যকর করা হয়, তখন তা Legislation এ পরিণত হয়। Law হলো তাত্ত্বিক, আর Legislation হলো ব্যবহারিক বা Law এর কার্যকর দিক। অস্টিন বলেন, সার্বভৌম শাসকের আদেশই আইন।

### আরো জানতে হবে

- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধ্যাদেশ অনুযায়ী সর্বোচ্চ শাস্তি- মৃত্যুদণ্ড।
- শিশু আইনে শিশু ও কিশোর অপরাধীদের আটক রাখা হয়- রিমান্ডহোমে।
- প্রবেশন অব অফেন্ডার্স অ্যাক্ট হলো- সংশোধনমূলক সামাজিক আইন।

- সামাজিক আইনের মূল লক্ষ্য হলো- ব্যক্তির অধিকার সংরক্ষণ ও বাহ্যিক আচর-আচরণ নিয়ন্ত্রণ।
- 'মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ' জারি হয়- ১৯৬১ সালে।
- 'মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ' জারি করেন- ফিল্ড মার্শাল আইয়ুব খান।
- বাংলাদেশ শিশু আইন প্রণীত হয়- ১৯৭৪ সালে।
- নারী নির্যাতন অধ্যাদেশ জারি হয়- ১৯৮৩ সালে।
- নারী ও শিশু নির্যাতন রোধ আইন প্রণীত হয়- ২০০৩ সালে।

## অনুশীলনী

01. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধ্যাদেশ অনুযায়ী মাদকদ্রব্য কত প্রকার?
A. ২ প্রকার B. ৪ প্রকার
C. ৫ প্রকার D. ৩ প্রকার

02. প্রবেশন অব অফেন্ডার্স অ্যাক্ট ৪নং ধারাতে কি বলা আছে?
A. প্রবেশন অফিসারের দায়িত্ব B. প্রবেশন অফিসারের নিয়োগ
C. শর্তসাপেক্ষে মুক্তি D. প্রবেশনের শর্ত পালনের ব্যর্থতা

03. বাংলাদেশে শিশু আইন প্রণয়ন করা হয় কত সালে?
A. ১৯৭৪ B. ১৯৮০ C. ১৯৮৯ D. ১৯৬৪

04. বাংলাদেশ শিশু আইনে কতটি ধারা আছে?
A. ৭৪টি B. ৭৭টি
C. ৭২টি D. ৭৮টি

05. নারী নির্যাতন অধ্যাদেশ প্রণয়ন করা হয়?
A. ১৯৮৯ সালে B. ১৯৭৪ সালে
C. ১৯৮৩ সালে D. ১৯৮৫ সালে

| উত্তরমালা | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | D | 02 | C | 03 | A | 04 | D | 05 | C |

# ষষ্ঠ অধ্যায়: বাংলাদেশে সরকারি সমাজ উন্নয়ন কার্যক্রম

ব্রিটিশ শাসিত বাংলাদেশে ১৯৪৩ সালে সরকারি পর্যায়ে চারটি এতিমখানা প্রতিষ্ঠার মাধ্যমে সরকারি সমাজকল্যাণ কার্যক্রমের সূচনা হয়। ১৯৫৫ সালে জাতিসংঘের বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী ঢাকা আরবান কমিউনিটি ডেভেলপম্যাট বোর্ড গঠন করা হয়। বোর্ডের কর্মপরিকল্পনা অনুযায়ী তদানীন্তন পাকিস্তান সরকার জাতিসংঘের সহযোগিতায় ঢাকার কায়েতটুলী ১৯৫৫ সালে পরীক্ষামূলকভাবে শহর সমষ্টি উন্নয়ন প্রকল্প গ্রহণ করেন। এ প্রকল্প বাস্তবায়নের মধ্য দিয়ে বাংলাদেশে আধুনিক ও পেশাদার সমাজকল্যাণের বাস্তব অনুশীলন শুরু হয়।

## গ্রামীণ সমাজসেবা

গ্রামীণ ছিন্নমূল অসহায় মানুষের দুর্দশা লাঘব ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে ১৯৭৪ সালে 'গ্রামীণ সমাজসেবা' শিরোনামে পরীক্ষামূলক প্রকল্প গৃহীত হয়। প্রথম পর্যায়ে ১৯টি জেলার ১৯টি উপজেলায় গ্রামীণ সমাজসেবা প্রকল্প পরীক্ষামূলকভাবে বাস্তবায়ন করা হয়। গ্রামীণ সমাজসেবা হলো সমষ্টি উন্নয়ন কেন্দ্রিক একটি বহুমুখী সমন্বিত গ্রাম উন্নয়ন প্রক্রিয়া।

### গ্রামীণ সমাজসেবার বৈশিষ্ট্য

- গ্রামকে উন্নয়নের একক হিসেবে গ্রহণ করা।
- নিম্ন পর্যায় থেকে পরিকল্পনা ও কর্মসূচি প্রণয়ন।
- জনগণের শহরমুখী প্রবণতা রোধ করা।
- গ্রামীণ অবহেলিত জনগোষ্ঠীকে সংগঠিত করা।
- কর্মসূচি বাস্তবায়নে সরকারি সহায়তা প্রদান।
- বহুমুখী ও সমন্বিত গ্রামভিত্তিক উন্নয়ন প্রক্রিয়া।

### গ্রামীণ সমাজসেবা কর্মসূচি

- বৃত্তিমূলক প্রশিক্ষণ ও অর্থনৈতিক কার্যক্রম
- পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম
- কমিউনিটি সেন্টার
- সুদমুক্ত ঋণদান
- সম্প্রসারিত গ্রামীণ সমাজকর্ম প্রকল্প

## কিশোর কিশোরী উন্নয়ন প্রতিষ্ঠান

অপরাধপ্রবণ কিশোর-কিশোরীদের আচরণ সংশোধনে সমাজকর্মীরা ব্যক্তি সমাজকর্ম পদ্ধতির বিভিন্ন কৌশল প্রয়োগ করেন। বাংলাদেশ শিশু আইন ১৯৭৪ এর ধারা অনুযায়ী বাংলাদেশে ৩টি কিশোর-কিশোরী উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। প্রতিষ্ঠানগুলো হলো-

### প্রতিষ্ঠানগুলোর অবস্থান

- জাতীয় কিশোর উন্নয়ন প্রতিষ্ঠান- টঙ্গী, গাজীপুর।
- জাতীয় কিশোরী উন্নয়ন প্রতিষ্ঠান- কোনাবাড়ী, গাজীপুর।
- জাতীয় কিশোর উন্নয়ন প্রতিষ্ঠান- পুলেরহার, যশোর।

### কিশোর উন্নয়ন প্রতিষ্ঠানের কার্যক্রম

কিশোর উন্নয়ন প্রতিষ্ঠানের কার্যক্রম তিনটি হলো-

- কিশোর হাজত
- কিশোর আদালত
- প্রশিক্ষণ কেন্দ্র

❑ **কিশোরী সংশোধনী প্রতিষ্ঠানে নিচের তিনটি কার্যকরী ইউনিট রয়েছে; সেগুলো হলো-**

- কিশোরী আদালত
- কিশোরী হাজত
- প্রশিক্ষণ কেন্দ্র

## শহর সমাজসেবা কর্মসূচি

- বাংলাদেশে সমষ্টিকেন্দ্রিক সমাজকর্ম অনুশীলন শুরু হয়- শহর সমাজ উন্নয়ন কর্মসূচির মাধ্যমে।
- বাংলাদেশে আধুনিক সমাজকল্যাণের অর্থাৎ পেশাদার সমাজকর্মের বাস্তব প্রয়োগের সূচনা হয়- ১৯৫৪ সালে ঢাকা প্রজেক্ট নামে শহর সমষ্টি উন্নয়নমূলক প্রকল্প গ্রহণের মাধ্যমে।
- প্রশাসনিক পুনর্গঠনের ফলে সমাজকল্যাণ বিভাগের নাম পরিবর্তন করে সমাজসেবা অধিদপ্তর রাখা হয়- ১৯৮৪ সালে।
- শহর সমাজসেবা হলো- সমষ্টিকেন্দ্রিক সমাজ উন্নয়ন কার্যক্রম।
- সমষ্টি সমাজকর্মের বিশেষ দুটি প্রক্রিয়া হলো- সমষ্টি সংগঠন ও সমষ্টি উন্নয়ন।



CamScanner

## অনুশীলনী

01. বাংলাদেশে সর্বপ্রথম সমাজ কর্মের বাস্তব প্রয়োগ ঘটে কোন পরীক্ষামূলক কার্যক্রমের মাধ্যমে?
A. ঢাকা প্রজেক্ট B. ভি-এইড
C. হাসপাতাল সমাজসেবা D. কারিগরি সহায়তা কর্মসূচি

02. ঢাকা প্রজেক্ট প্রথম কত সালে চালু হয়?
A. ১৯৫২ সালে B. ১৯৫৪ সালে
C. ১৯৫৭ সালে D. ১৯৫৮ সালে

03. বাংলাদেশের শহর সমাজসেবা কর্মসূচি প্রথম কোথায় শুরু হয়?
A. কায়েতটুলি B. কোণাবাড়ি
C. গোপীবাগ D. মোহাম্মদপুর

04. জাতীয় কিশোর উন্নয়ন প্রতিষ্ঠান কোথায় অবস্থিত?
A. সেগুনবাগিচা B. কোণাবাড়ি
C. কায়েতটুলি D. টঙ্গী

05. নিচের কোনটি সরকারি সমাজ উন্নয়ন সংস্থা?
A. RSS B. ব্র্যাক
C. UNDP D. ইউনিসেফ

06. জাতীয় মানবাধিকার কমিশন কত সালে প্রতিষ্ঠিত হয়?
A. ২০০৪ সালে B. ২০০৯ সালে
C. ২০১১ সালে D. ২০১২ সালে

07. জাতীয় মানবাধিকার কমিশন কত সালে প্রতিষ্ঠিত হয়?
A. ২০০৪ সালে B. ২০০৬ সালে
C. ২০০৭ সালে D. ২০০৮ সালে

08. বাংলাদেশে সমাজকর্ম পেশার বিকাশ ঘটে কোন প্রকল্পের মাধ্যমে?
A. শহর সমাজ উন্নয়ন প্রকল্প B. গ্রাম সমাজ উন্নয়ন প্রকল্প
C. ভি-এইড প্রকল্প D. কোনোটিই নয়

09. বাংলাদেশে স্বেচ্ছাসেবী সমাজকল্যাণের সবচেয়ে বেশি সফলতা কোন ক্ষেত্রে?
A. দক্ষ নেতৃত্ব সৃষ্টিতে
B. সহযোগিতা ও সমন্বয় সৃষ্টিতে
C. দারিদ্র্য হ্রাস ও দুর্যোগ মোকাবেলায়
D. জনসমর্থন ও সম্পদ সৃষ্টিতে

10. বাংলাদেশের সামগ্রিক উন্নয়ন নির্ভর করে কার ওপর?
A. গ্রামীণ উন্নয়ন B. শহর উন্নয়ন
C. শিল্পের উন্নয়ন D. যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন

11. প্রথম প্রবেশ আইন কোথায় হয়?
A. আয়ারল্যান্ড B. ব্রিটেন
C. কানাডা D. আমেরিকা

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | C | 02 | B | 03 | A | 04 | D | 05 | A |
| 06 | D | 07 | D | 08 | A | 09 | C | 10 | A |
| 11 | D | | | | | | | | |

12. জাতীয় কিশোর উন্নয়ন প্রতিষ্ঠান স্থাপন করা হয় কখন?
A. ১৯৭৪ B. ১৯৭৬
C. ১৯৭৮ D. ১৯৮৪

13. প্রথম কিশোর সংশোধন প্রতিষ্ঠানটি কোথায়?
A. গাজীপুর B. ঢাকায়
C. চট্টগ্রাম D. রাজশাহীতে

14. সর্বপ্রথম চিকিৎসা সমাজকর্ম প্রয়োগ শুরু হয় কত সালে?
A. ১৮২৫ B. ১৮০৫
C. ১৮০৭ D. ১৮১৫

15. RSS এর পূর্ণরূপ কি?
A. Rural Social Service
B. Royal Social Service
C. Rural Social Security
D. কোনোটিই নয়

16. গ্রামীণ সমাজসেবা কর্মসূচি শুরু হয়-
A. ১৯৭২ সালে B. ১৯৭৪ সালে
C. ১৯৭৫ সালে D. ১৯৭৮ সালে

17. সরকারি সমাজকল্যাণ কার্যক্রমের সূচনা করা হয় কখন?
A. ১৯৩৩ সালে B. ১৯৪৩ সালে
C. ১৯৫৩ সালে D. ১৯৪৬ সালে

18. জাতীয় সমাজকল্যাণ পরিষদ গঠন করা হয় কত সালে?
A. ১৯৪৩ B. ১৯৬৫
C. ১৯৫৬ D. ১৯৫৪

19. আধুনিক সমাজকল্যাণ বাস্তব প্রয়োগের সূচনা হয় কখন?
A. ১৯৫৪ B. ১৯৪৩
C. ১৯৫৬ D. ১৯৬৪

20. গ্রামীণ সমাজ সেবা প্রথম গ্রহণ করা হয় কত সালে?
A. ১৯৭৪ B. ১৯৮৪
C. ১৯৫৪ D. ১৯৯৪

21. সর্বপ্রথম ট্রেনিং স্কুল প্রতিষ্ঠা করা হয় কত সালে
A. ১৮১৫ B. ১৮০৫
C. ১৮২৫ D. ১৮৩৫

22. বাংলাদেশে সংশোধনমূলক কার্যক্রম শুরু হয় কত সালে?
A. ১৯৭৬ B. ১৯৫৪
C. ১৯৬৪ D. ১৯৪৯

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 12 | C | 13 | A | 14 | B | 15 | A | 16 | B |
| 17 | C | 18 | C | 19 | A | 20 | A | 21 | C |
| 22 | D | | | | | | | | |



CamScanner

## সপ্তম অধ্যায়: বাংলাদেশে বেসরকারি সমাজ উন্নয়ন কার্যক্রম

- **গ্রামীণ ব্যাংক হলো-** একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান।
- **ড. ইউনুস ক্ষুদ্রঋণ কার্যক্রম শুরু করেন-** জোবরা গ্রাম, চট্টগ্রাম।
- **স্কাউটিংয়ের মূল কাজ হলো-** সেবা।
- **প্রবীণ হিতৈষী সংঘের মূল উদ্দেশ্য হলো-** প্রবীণদের সার্বিক সেবা করা।
- **বিশ্ব স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা-** ব্যাডেন পাওয়েল।
- **বহুমূত্র সমিতির মূল লক্ষ্য-** কোনো ডায়াবেটিক রোগীই চিকিৎসার বাইরে থাকবে না।
- **বহুমূত্র সমিতি প্রতিষ্ঠা করেন-** ডা. মোহাম্মদ ইব্রাহিম।
- **বাংলাদেশ পরিচিত-** দুর্যোগপ্রবণ দেশ হিসেবে।
- **স্বেচ্ছাসেবী সংস্থার অনুরূপ প্রত্যয়-** বেসরকারি সংস্থা।

## অনুশীলনী

**01. কত সালে ব্র্যাক প্রতিষ্ঠা করা হয়?**
A. ১৯৭১　B. ১৯৭২
C. ১৯৭৬　D. ১৯৭৭

**02. ব্র্যাক এর প্রতিষ্ঠাতা কে?**
A. ড. মোঃ ইউনুস　B. ডা. আব্দুল ওয়াহেদ
C. ড. আহমাদুল্লাহ　D. স্যার ফজলে হাসান আবেদ

**03. গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা কে?**
A. ড. মোঃ ইউনুস　B. ডা. আব্দুল ওয়াহেদ
C. ড. আহমাদুল্লাহ　D. স্যার ফজলে হাসান আবেদ

**04. গ্রামীণ ব্যাংক ভূমিহীনদের ঋণ প্রদান করে কীভাবে?**
A. জমি বর্গাদারের মাধ্যমে　B. জমি প্রদানের মাধ্যমে
C. জমি বন্ধক দেওয়ার মাধ্যমে　D. বিনা জামানতে

**05. প্রবীণ হিতৈষী সংঘের মূল উদ্দেশ্য?**
A. প্রবীণদের মানসিক সেবা　B. প্রবীণদের শারীরিক সেবা
C. প্রবীণদের চিকিৎসা সেবা　D. প্রবীণদের সার্বিক সেবা

**06. ডায়াবেটিক হয় কিসের অভাবে?**
A. ইনসুলিনের অভাবে　B. আয়োডিনের অভাবে
C. ভিটামিনের অভাবে　D. আমিষের অভাবে

**07. বাংলাদেশ পরিবার পরিকল্পনা আন্দোলন সূচনা হয় কখন?**
A. ১৯৫৬　B. ১৯৬৫
C. ১৯৭৫　D. ১৯৫৩

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | B | 02 | D | 03 | A | 04 | D | 05 | D |
| 06 | A | 07 | D | | | | | | |

## নবম অধ্যায়: সমাজকর্ম শিক্ষায় মাঠকর্ম ও অনুশীলন

সমাজকর্ম শিক্ষায় মাঠকর্ম এবং অনুশীলন এ দুটি ধারণা বিশেষ গুরুত্বপূর্ণ। সামাজিক এজেন্সী, অনুশীলনবিদ অর্থাৎ শিক্ষার্থী এবং তত্ত্বাবধায়ক এ তিনটি উপাদানের সমন্বয়ে মাঠকর্ম অনুষ্ঠিত হয়। মাঠকর্ম হলো শিক্ষার্থীবিদের বাস্তব সমস্যা সমাধানে সমাজকর্ম জ্ঞান অনুশীলন দক্ষতা ও নৈপুণ্য অর্জনের ব্যবহারিক প্রশিক্ষণ প্রক্রিয়া।



**বাংলাদেশে স্নাতক ও মাস্টার্স পর্যায়ে দৈনিক আট ঘণ্টা করে মোট ষাট কর্মদিবস অর্থাৎ ৪৮০ ঘণ্টা নির্ধারণ করা হয়েছে।**

### কেস ম্যানেজমেন্ট এবং গ্রুপ ম্যানেজমেন্ট

#### কেস ম্যানেজমেন্ট

কেস ম্যানেজমেন্ট একটি প্রশাসনিক প্রক্রিয়া। কেস ম্যানেজমেন্ট বলতে সামাজিক এজেন্সী হতে দীর্ঘমেয়াদী সেবাগ্রহণকারীর সেবা প্রদান পরিকল্পনা ও মনিটরিং প্রক্রিয়াকে বুঝায়।

- ❑ **বেল্লিউ এবং মিনৃক কেস ম্যানেজমেন্ট এর প্রধান পাঁচটি প্রক্রিয়া উল্লেখ করেছেন। যথা:**
  ১. সেবাগ্রহীতার চাহিদা নির্ণয়
  ২. পরিকল্পনা
  ৩. পরিকল্পনা বাস্তবায়ন
  ৪. পরীক্ষণ এবং ধারাবাহিক পর্যালোচনা
  ৫. কেস সমাপ্তকরণ

#### গ্রুপ ম্যানেজমেন্ট

গ্রুপ ম্যানেজমেন্ট হলো প্রত্যাশিত দলীয় লক্ষ্যার্জনে দক্ষতা ও কার্যকারিতার সঙ্গে দলীয় সম্পদের ব্যবহার এবং দলীয় কার্যক্রমের মধ্যে সমন্বয় সাধনে ব্যবস্থাপনার জ্ঞান ও তত্ত্বের প্রয়োগ।

- ❑ **লেডারের গ্রুপ ম্যানেজমেন্ট তত্ত্বানুযায়ী দল গঠনের পাঁচটি পর্যায় বা ধাপ হলো:**
  ১. পরিমার্জিত পর্যায়
  ২. 'কেন আমরা এখানে' পর্যায়
  ৩. ক্ষমতার পর্যায়
  ৪. সহযোগিতার পর্যায়
  ৫. আনুগত্যের পর্যায়

## গ্রুপ ম্যানেজমেন্ট প্রক্রিয়া




## অনুশীলনী

01. মাঠকর্মের মাধ্যমে কী অর্জিত হয়?
A. জ্ঞান B. অভিজ্ঞতা
C. দক্ষতা D. যোগ্যতা

02. প্রশিক্ষক্ষের প্রাতিষ্ঠানিক শিক্ষার মাধ্যমে কী অর্জিত হয়?
A. দক্ষতা B. অভিজ্ঞতা
C. জ্ঞান D. নৈপুণ্য

03. কোনটি মাঠকর্মের উপাদান নয়?
A. প্রাতিষ্ঠানিক শিক্ষা B. তত্ত্বাবধায়ক
C. এজেন্সী D. অনুশীলনবিদ

04. মাঠকর্ম হলো-
A. তত্ত্ব এবং অনুশীলনের সংযোগ
B. জ্ঞান ও দক্ষতার সংযোগ
C. প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যবহারিক শিক্ষার সংযোগ
D. প্রাতিষ্ঠানিক শিক্ষা ও এজেন্সীর সংযোগ

05. মাঠকর্মের গুরুত্বপূর্ণ উপাদান হলো-
A. এজেন্সী তত্ত্বাবধায়ক B. একাডেমিক তত্ত্বাবধায়ক
C. সামাজিক এজেন্সী D. সবগুলো

06. ব্যবহারিক প্রশিক্ষণ প্রতিবেদনের অপর নাম কী?
A. Final Report B. Report Book
C. Evaluation Report D. Report Statement

07. সমাজকর্মের সঙ্গে আইন ও চিকিৎসার শিক্ষার সাদৃশ্য হলো-
A. সবগুলোর জন্য ব্যবহারিক শিক্ষার প্রয়োজন
B. সবগুলোই পেশা
C. সবগুলোই সামাজিক বিজ্ঞানের অন্তর্ভুক্ত
D. সবগুলোর জন্যই রেজিস্ট্রেশন করতে হয়

08. কোনটি ব্যবহারিক প্রশিক্ষণের মূল লক্ষ্য?
A. অর্জিত তাত্ত্বিক জ্ঞানের বাস্তব অনুশীলন
B. মানুষকে সামাজিক ভূমিকা পালনে সক্ষম করা
C. সাম্য, গণতন্ত্র ও ন্যায় বিচার প্রতিষ্ঠা করা
D. সম্পদের সদ্ব্যবহার নিশ্চিত করা

09. কেস ম্যানেজমেন্টের প্রক্রিয়াগুলো হলো–
A. ব্যক্তির সমস্যা নির্ণয়
B.ব্যক্তির সমস্যা সমাধানে পরিকল্পনা গ্রহণ
C. সমষ্টিগত সমস্যা সমাধান নিচের কোনটি সঠিক?
D. A + B

10. ব্যবহারিক প্রশিক্ষণের গুরুত্বপূর্ণ উপাদান হলো–
A. সামাজিক এজেন্সী B. এজেন্সী তত্ত্বাবধায়ক
C. একাডেমিক তত্ত্বাবধায়ক D. সবগুলো

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | C | 02 | C | 03 | A | 04 | A | 05 | C |
| 06 | C | 07 | A | 08 | A | 09 | D | 10 | D |